

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 10.11.2024

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যের ৬-টি বিধানসভা কেন্দ্রে আগামী বুধবারের উপ-নির্বাচনে ভোট গ্রহণের জন্য প্রচারাভিযান এখন তুঙ্গে। প্রচার শেষ হবে আগামীকাল সন্ধ্যায়।

২) রাজ্যে ভোটার তালিকা সংশোধনের কাজ আগামী মঙ্গলবার শুরু হতে চলেছে।

৩) বীরভূমের সাঁইথিয়ায় এক সিভিক ভলান্টিয়ারের বাড়িতে বিস্ফোরণে একজনের মৃত্যু হয়েছে।

৪) হাওড়ার শালিমারে বিশেষ অভিযান চালিয়ে সিআইডি শিশু পাচার চক্র ফাঁস করেছে। গ্রেফতার দু-জন।

৫) চন্দননগরে আজ জগদ্ধাত্রী পূজোর মহা নবমী। রাজ্যের অন্যত্র আজ একদিনে এই পূজো হয়। মন্ডপে মন্ডপে এখন দর্শনার্থীদের উপচে পড়া ভীড়।

৬) আই এস এল ফুটবলে মোহনবাগান সুপার জায়েন্টস, ওড়িশা এফ সি-র মুখোমুখি হয়েছে।

oooooooooooooooooooooooo

রাজ্যের ৬-টি বিধানসভা আসনের উপ-নির্বাচনে প্রচারাভিযান এখন তুঙ্গে। বিভিন্ন রাজনৈতিক দলের নেতা-নেত্রী ও প্রার্থীরা এখন ভোটারদের মনজয়ের চেষ্টা করছেন। প্রচার শেষ হবে আগামীকাল সন্ধ্যায়।

বাঁকুড়ার তালডাংরার লক্ষীসাগরে আজ দলীয় প্রার্থীর সমর্থনে নির্বাচনী প্রচারে যোগ দেন বিজেপি নেতা দিলীপ ঘোষ। রাজ্যের মুখ্যমন্ত্রী মহিলা হওয়া সত্ত্বেও ন্যায়বিচারের দাবিতে কেন মহিলাদের রাত জাগতে হচ্ছে সে নিয়েও প্রশ্ন তুলে তিনি বলেন, গোটা রাজ্য এখন অস্ত্র ভাণ্ডারে পরিনত হয়েছে।

আলিপুরদুয়ারের মাদারিহাটের প্রধাননগর এলাকায় বিজেপি প্রার্থীর সমর্থনে আজ প্রচার সারেন দার্জিলিং-এর সাংসদ রাজু বিস্তা।

ভারতীয় ক্রিকেট দলের প্রাক্তন সদস্য ও বহরমপুরের সাংসদ ইউসুফ পাঠান আজ মাদারহাট কেন্দ্রের তৃণমূল কংগ্রেসের প্রার্থীর সমর্থনে বিন্মাগুড়িতে পথসভা করেন।

পরে গয়েরকাটায় পদযাত্রায় অংশ নেন। বিন্মাগুড়ি এবং তেলিপাড়া চা বাগানে গিয়ে শ্রমিকদের সঙ্গে কথা বলে তাদের অভাব অভিযোগ শোনেন শাসক দলের প্রার্থী।

মাদারিহাট কেন্দ্রের আর এস পি প্রার্থীও আজ প্রচারে অংশ নেন

কোচবিহারের সীতাই, আলিপুরদুয়ারের মাদারিহাট, উত্তর ২৪ পরগনার নৈহাটি ও হাড়োয়া, পশ্চিম মেদিনীপুরের মেদিনীপুর এবং বাঁকুড়ার তালডাংরা বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনে ভোট নেওয়া হবে ১৩-ই নভেম্বর বুধবার। মোট ভোটদাতার সংখ্যা ১৫ লক্ষ ২২ হাজার ৫৬ জন। এর মধ্যে মেদিনীপুর, মাদারীহাট ও নৈহাটি কেন্দ্রে পুরুষদের থেকে মহিলা ভোটারের সংখ্যা বেশি। আগেই জানানো হয়েছে, সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচন অনুষ্ঠিত

করতে মোট ১০৮ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী থাকছে। পাশাপাশি থাকছে সমসংখ্যক কুইক রেসপন্স টিম এবং রাজ্য পুলিশের সশস্ত্র বাহিনী। ১০০ শতাংশ বুথে থাকছে ওয়েব কাস্টিং এর ব্যবস্থা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, কোচবিহারের সিতাই কেন্দ্রে বামফ্রন্টের নির্বাচনী সভায় হামলার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। আজ দুপুরে চৌপাখি এলাকায় সভা চলাকালীন শাসক দলের লোকজন মঞ্চে উঠে ভাঙচুর করে বলে অভিযোগ। চেয়ার ছুড়ে মেরে বাম সমর্থকদের ধাক্কা দিয়ে অনুষ্ঠানস্থল থেকে বের করে দেওয়া হয়। যদিও সব অভিযোগ অস্বীকার করেছে শাসক দল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

সিতাই কেন্দ্রে উপনির্বাচনে সন্ত্রাসের আশংকায় বিজেপি পুলিশ ও সাধারণ পর্যবেক্ষকের দ্বারস্থ হয়েছে। এক চিঠিতে প্রতিটি বুথে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের পাশাপাশি ভোটারদের মধ্যে ভয় দূর করতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার কথা বলা হয়েছে। অশান্তিপ্রবন এলাকায় প্রতিনিয়ত মাইকিং এবং সোশ্যাল মিডিয়া বা সংবাদপত্র ও স্থানীয় টিভি চ্যানেলে যেন কোনোভাবেই অশান্তি ছড়ানো না হয় সেদিকে নজর দিতে বলা হয়েছে। ভোট পরবর্তী অশান্তি এড়াতে ফল ঘোষণার পর অন্তত এক মাস অশান্তিপ্রবন এলাকায় কেন্দ্রীয় বাহিনী রাখার অনুরোধ জানিয়েছেন তাঁরা। প্রতিটি মানুষ যেন শান্তিপূর্ণভাবে ভোট দিতে পারেন, সেই ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছে বিজেপি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আগামী ১২-ই নভেম্বর মঙ্গলবার থেকে রাজ্যে ভোটার তালিকা সংশোধনের কাজ শুরু হতে চলেছে। এর প্রেক্ষিতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক ডক্টর আরিজ আফতাব আগামীকাল স্বীকৃত রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের সঙ্গে ভোটার তালিকায় সংশোধনী প্রক্রিয়া নিয়ে বৈঠক করবেন।

নির্বাচন কমিশনের নির্দেশ, তালিকায় মৃত ভোটারের নাম যেন কোনভাবেই না থাকে। পাশাপাশি একই ভোটারের নাম একাধিক জায়গার তালিকায় যাতে না উঠতে পারে সে বিষয়েও সতর্ক থাকার উপর গুরুত্ব দেয়া হচ্ছে।

উল্লেখ্য, ২০২৫ সালের পয়লা জানুয়ারি যাদের বয়স ১৮ বছর হবে তারাও ভোটার তালিকায় নাম তুলতে পারবেন। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে পাঁচই জানুয়ারি।

০০০০০০০০০০০০০০০০০০০০০

সদস্য সংগ্রহ অভিযানের অঙ্গ হিসেবে বিজেপি আজ রাজ্যে বিশেষ সদস্যতা অভিযান দিবস পালন করে। দলের রাজ্য মুখপাত্র শমীক ভট্টাচার্য রাজারহাট নিউটাউনে, দলের রাজ্য সভাপতি ও কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বালুরঘাটে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আলিপুরদুয়ার, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর নিজের নির্বাচনী এলাকা, প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষ বাঁকুড়া এবং দলের সাংসদ, বিধায়ক সহ অন্যান্য বিজেপি নেতা নেত্রীরা রাজ্যের বিভিন্ন বুথে উপস্থিত থেকে এই অভিযানে অংশ নেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বেশ কিছু কর্মসূচী নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি উত্তরবঙ্গ যাচ্ছেন। আগামীকাল বাগডোগরা হয়ে রাতে তিনি দার্জিলিং পৌঁছবেন। মঙ্গলবার উন্নয়ন সহ একাধিক বিষয়ে জিটিএ-র সদস্য ও বিভিন্ন উন্নয়ন পর্ষদের চেয়ারম্যানদের সঙ্গে

বৈঠক করবেন মুখ্যমন্ত্রী। বুধবার দার্জিলিং চৌরাস্তায় প্রস্তাবিত এক সরকারি অনুষ্ঠানের মঞ্চ থেকে তিনি সরস মেলার উদ্বোধন করবেন বলে জানা গেছে। বৃহস্পতিবার মুখ্যমন্ত্রী শিলিগুড়িতে পৌঁছবেন। সেখানেও তাঁর কিছু কর্মসূচী রয়েছে বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার বসিরহাট মহকুমার বিভিন্ন এলাকায় সাধারণ মানুষ আবাস যোজনার ঘর নিয়ে দুর্নীতির অভিযোগ তুলেছে। এই অভিযোগ খতিয়ে দেখতে জেলা শাসক শরদ কুমার দ্বিবেদী সহ পুলিশ প্রশাসনের একটি দল সন্দেশখালি এক ও দু নম্বর ব্লকের বিভিন্ন এলাকার মানুষের সঙ্গে কথা বলেছেন।

উল্লেখ্য, ক-দিন আগে হিঙ্গলগঞ্জের দাসপাড়ায় এই আবাস যোজনার ঘর নিয়ে দুর্নীতির অভিযোগে সাধারণ গ্রামবাসীরা বিক্ষোভ দেখান।

০০০০০০০০০০০০০০০০০০০০

বীরভূমের সাঁইথিয়ার বিলসা গ্রামে এক সিভিক ভলান্টিয়ারের বাড়িতে বেলুনে গ্যাস ভরার সময় বিস্ফোরণে ঘটনাস্থলেই বিপত্তারণ বাগদি নামে একজনের মৃত্যু হয়েছে। এই ঘটনায় এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। দুর্গা প্রসাদ ভট্টাচার্য নামে ওই সিভিক ভলান্টিয়ারের বাড়িতে গ্রামবাসীরা ভাঙচুর চালায়। পুলিশ গিয়ে পরিস্থিতি সমাল দেয়। সিভিক ভলান্টিয়ার পলাতক। দীর্ঘদিন ধরে সে বাড়িতে গ্যাস বেলুনের ব্যবসা করছিল বলে আমাদের জেলা সংবাদদাতা জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

হাওড়ার শালিমার রেল স্টেশনের বাইরে বিশেষ অভিযান চালিয়ে সিআইডি-র একটি দল আন্তঃরাজ্য শিশু পাচারকারী চক্রের সঙ্গে যুক্ত ২ জনকে গ্রেফতার করেছে। দু-দিন বয়সী একটি শিশু কন্যাকেও উদ্ধার করা হয়েছে। বাচ্চাটিকে হাওড়া জেলা হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে যাওয়া হয়েছে। আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, সি আই ডি আধিকারিকরা মানিক হালদার এবং মুকুল সরকার নামে আন্তঃরাজ্য শিশু পাচার চক্রের সঙ্গে যুক্ত ২ জনকে গ্রেফতার করেছে। এই অভিযানে জেলার শিশু কল্যাণ সমিতির আধিকারিকরা এবং একটি স্বেচ্ছাসেবী সংস্থার সদস্যরা সিআইডি-কে সহযোগিতা করে। এই চক্রের সঙ্গে আর কারা যুক্ত তা জানতে পুলিশ তদন্ত চালাচ্ছে। এই ঘটনায় শালিমার রেল স্টেশন সংলগ্ন এলাকায় চাপ্তোল্য ছড়িয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

শিয়ালদার বৈঠকখানা রোডে গত সন্ধ্যায় ৫-টি আগ্নেয়াস্ত্র ও ৯০ রাউন্ড গুলি উদ্ধারের ঘটনায় ধৃত মহম্মদ ইজরায়েল খান-কে আজ ব্যাঙ্কশাল আদালতে তোলা হলে বিচারক তাকে বিশেষ নভেম্বর পর্যন্ত এস টি এফ হেফাজতে পাঠিয়েছেন। গত সন্ধ্যায় কলকাতা পুলিশের এস টি এফ তাকে আগ্নেয়াস্ত্র উদ্ধারের ঘটনায় গ্রেফতার করে।

০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার গাইঘাটার আংরাইলে ভারত – বাংলাদেশ সীমান্তে, বি এস এফ মাদক পাচারের চেষ্টা ব্যর্থ করে দুই পাচারকারীকে ইছামতী নদী থেকে উদ্ধার ও গ্রেফতার করেছে।

১৫০টি ফেনসিডিলের বোতল নদী থেকে এবং আরও সাড়ে তিনশোটি বোতল উদ্ধার করা হয়েছে। চার পাচারকারীর মধ্যে দু-জন প্রাণ বাঁচাতে ইছামতীতে ঝাঁপ দেয়।

এক অভিযুক্ত পাচারকারী বিএসএফ ক্যাম্পে অসুস্থ হয়ে পড়লে তাকে হাসপাতালে পাঠানো হয়। সেখানেই বাবাই বাডুই নামে ওই পাচারকারীর মৃত্যু হয়েছে। এই পাচারকারীরা সোনা সহ বিভিন্ন মাদক দ্রব্যের চোরা কারবার চক্রের সঙ্গে যুক্ত বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

কোচবিহারের সাহেবগঞ্জ থানার ভারত – বাংলাদেশ সীমান্তে বাংলাদেশের দুই মহিলা ভারতে ঢোকান চেষ্টা করলে, বিএসএফ তাদের আটক করে পুলিশের হাতে তুলে দিয়েছে। বালাবাড়ি সীমান্ত দিয়ে বাংলাদেশের কুড়ি গ্রামের বাসিন্দা ওই দুই মহিলা ভারতে ঢোকান চেষ্টা করছিল বলে পুলিশ সূত্র উদ্ধৃত করে আমাদের সংবাদদাতা জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

চন্দ্রনগরের বিশ্বখ্যাত জগদ্ধাত্রী পুজোর আজ মহা নবমী। বিকেল থেকে মন্ডপে মন্ডপে দর্শনার্থীদের উপচে পড়া ভীড়। আকর্ষণীয় আলোকসজ্জা, বিশালাকৃতি নয়নাভিরাম প্রতিমা ও বৈচিত্র্যপূর্ণ মন্ডপ সজ্জা দেখতে বহু মানুষ চন্দ্রনগরে ভীড় করেছেন। রয়েছে, পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা। কৃষ্ণনগরে দু-দিনের জগদ্ধাত্রী পুজোর আজ সপ্তমী-অষ্টমী-নবমী একই সঙ্গে হচ্ছে।

(ভয়েসকাস্ট – অনুপম)

রাজ্যের অন্যত্র আজ একদিনেই জগদ্ধাত্রী পূজো। সর্বত্রই প্রতিমা দর্শনের জন্য বহু মানুষ মন্ডপে সমবেত হয়েছেন।

বেলুড় রামকৃষ্ণ মিশন সারদাপীঠেও আজ সারাদিন ব্যাপী জগদ্ধাত্রী পূজোর আয়োজন করা হয়। এই উপলক্ষে ভক্ত দর্শনার্থীদের সমাগম ঘটেছে বেলুড়ে।

০০০০০০০০০০০০০০০০০০০০

জগদ্ধাত্রী পূজোর প্রতিমা নিরঞ্জনের জন্য পূর্ব রেল আগামীকাল, মঙ্গল ও বুধবার চক্ররেল চলাচল নিয়ন্ত্রণ করবে। এই তিনদিন সাতটি করে EMU লোকালের যাত্রা পথ কলকাতা স্টেশন থেকে শুরু ও শেষ হবে। চারটি আপ ও চারটি ডাউন ট্রেন বাতিল থাকবে। ঘুরিয়ে দেওয়া হবে বেশ কয়েকটি ট্রেনের যাত্রাপথ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা মেট্রোর গ্রীণ লাইনে এসপ্ল্যানেড থেকে শিয়ালদা পর্যন্ত চলতি নির্মাণ কাজের দরুণ হাওড়া ময়দা ও এসপ্ল্যানেডের মধ্যে মেট্রো পরিষেবা আগামীকাল থেকে কিছুটা পরিবর্তিত হচ্ছে। আগামীকাল থেকে পশ্চিমমুখী টানেল দিয়ে হাওড়া ময়দান থেকে মহাকরণ পর্যন্ত মেট্রো পরিষেবা চলবে। পূবমুখী টানেলে হাওড়া ময়দান থেকে এসপ্ল্যানেড পর্যন্ত পরিষেবা সকাল ৬-টা ৫৫ থেকে রাত ১০-টা পর্যন্ত আগের মতোই পাওয়া যাবে।

রবিবার দিন পূবমুখী টানেলে কেবলমাত্র বেলা সোয়া ২-টো থেকে রাত ৯-টা ৫০ মিনিট পর্যন্ত পরিষেবা পাওয়া যাবে। আগামীকাল থেকে গ্রীণ লাইন টু-এ ১১৮-টির পরিবর্তে ১৫০-টি পরিষেবা পাওয়া যাবে। রবিবার দিন আগের মতোই ৪৬-টি পরিষেবা চলবে।

মেট্রো রেলের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে এখবর জানানো হয়েছে।

oooooooooooooooooooooooooooo

ভুবনেশ্বরের কলিঙ্গ স্টেডিয়ামে আইএসএল ফুটবলের ম্যাচে মোহনবাগান সুপারজায়ান্ট, ওড়িশা এফসির মুখোমুখি হয়েছে। শেষ খবর পাওয়া পর্যন্ত ওড়িশা ১ গোলে এগিয়ে আছে।

৬ ম্যাচে ১৩ পয়েন্ট নিয়ে মোহনবাগান লিগ তালিকায় দ্বিতীয় স্থানে। ৭ ম্যাচে ৮ পয়েন্ট নিয়ে ওড়িশা রয়েছে নবম স্থানে।

oooooooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooooo